গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি শহীদ সোহ্‌রাওয়ার্দী কলেজ, ঢাকা
www.gssc.college.gov.bd

GOVT. SHAHEED SUHRAWARDY COLLEGE, DHAKA
ESTD 1949

# বিজ্ঞপ্তি

তারিখ ঃ ০৪.০৮.২০২৬

কলেজের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের জানানো যাচ্ছে যে, 'জুলাই গণঅভ্যুত্থান দিবস-২০২৬' উদ্‌যাপন উপলক্ষ্যে আগামী ০৫ আগস্ট-২০২৬ তারিখ বুধবার কলেজে বিভিন্ন কর্মসূচী পালন করা হবে। উক্ত কর্মসূচীতে অংশগ্রহণের জন্য সকলকে সকাল ০৮.০০ টার মধ্যে কলেজে উপস্থিত থাকার অনুরোধ করা হলো।

অধ্যক্ষ
সরকারি শহীদ সোহ্‌রাওয়ার্দী কলেজ
ঢাকা।

অধ্যাপক ড. কাকলী মুখোপাধ্যায়
অধ্যক্ষ (আইডি নং-১৫৪৫)
সরকারি শহীদ সোহ্‌রাওয়ার্দী কলেজ, ঢাকা।

বিতরণ :
১. উপাধ্যক্ষ, অত্র কলেজ।
২. সম্পাদক, অফিসার্স কাউন্সিল, অত্র কলেজ।
৩. বিভাগীয় প্রধান, ---------------- বিভাগ, অত্র কলেজ।
৪. আইসিটি বিভাগ, অত্র কলেজ (ওয়েবসাইটে প্রকাশের জন্য)
৫. সকল নোটিশ বোর্ড, অত্র কলেজ

Scanned with CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি শহীদ সোহ্‌রাওয়ার্দী কলেজ, ঢাকা
ওয়েবসাইট: gssc.college.gov.bd, EIIN : 108508

GOVT. SHAHEED SUHRAWARDY COLLEGE DHAKA ESTD 1949

# বিজ্ঞপ্তি

তারিখ ঃ ০৪.০৮.২০২৬

০৫ আগস্ট 'জুলাই গণঅভ্যুত্থান দিবস-২০২৬' উদ্‌যাপন উপলক্ষ্যে কলেজে নিম্নোক্ত অনুষ্ঠানমালার আয়োজন করা হয়েছে।

অনুষ্ঠানের তারিখ: ০৫.০৮.২০২৬
স্থান: কলেজের ৩০৯ নং কক্ষ

| প্রতিযোগিতার বিষয় | শিরোনাম | শ্রেণি |
|---|---|---|
| রচনা প্রতিযোগিতা | "জুলাই চেতনা ও আগামীর বাংলাদেশ" (১০০০ শব্দ) লিখিত রচনা আগামী ১০ আগষ্ট এর মধ্যে বাংলা বিভাগে জমা দিতে হবে। | সকল শিক্ষার্থী |
| নির্বাচিত কবিতা আবৃত্তি | "শহীদ আবু সাঈদ স্মরণে" সময় সকাল ০৯.০০ টা | সকল শিক্ষার্থী |
| চিত্রাঙ্কন প্রতিযোগিতা | "জুলাই গ্রাফিতি" সময় সকাল ০৯.০০ টা | সকল শিক্ষার্থী |

শর্তাবলী :

১. আগ্রহী শিক্ষার্থীরা ০৫.০৮.২০২৬ তারিখ সকাল ০৮.০০টা থেকে ০৯.০০টার মধ্যে কলেজের ৩০৯ নং কক্ষে উপস্থিত হয়ে নাম লিপিবদ্ধ করে চিত্রাঙ্কন ও কবিতা আবৃত্তি প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে হবে।

অধ্যাপক ড. কাকলী মুখোপাধ্যায়
অধ্যক্ষ (আইডি নং-১৫৫৫)
সরকারি শহীদ সোহ্‌রাওয়ার্দী কলেজ, ঢাকা।

অধ্যক্ষ
সরকারি শহীদ সোহ্‌রাওয়ার্দী কলেজ, ঢাকা

০৪.০৮.২৬

আহ্বায়ক
জুলাই গণঅভ্যুত্থান দিবস-২০২৬ উদ্‌যাপন কমিটি
সরকারি শহীদ সোহ্‌রাওয়ার্দী কলেজ, ঢাকা

বিতরণ :
১. উপাধ্যক্ষ, অত্র কলেজ।
২. বিভাগীয় প্রধান, ---------------- বিভাগ, অত্র কলেজ
৩. আইসিটি বিভাগ, অত্র কলেজ (ওয়েবসাইটে প্রকাশের জন্য)
৪. সকল নোটিশ বোর্ড, অত্র কলেজ

Scanned with CamScanner

## শহীদ আবু সাঈদ স্মরণে

মুহম্মদ আবু বকর

একটু বাড়ি ফেরার তাড়া ছিল হয়তো
হয়তো ভেবেছিল গাড়ি পাবে না শেষে
সব গাড়ি ছেড়ে যাবে
আর তাছাড়া কে না জানে
অ্যাম্বুলেন্স সবচেয়ে তাড়াতাড়ি বাড়ি পৌঁছতে পারে
সবাই তাকে পথ ছেড়ে দেয়।
হয়তো বাড়িতে চাল ফুরিয়ে গিয়েছিল
টিউশনের টাকা দিয়ে চাল কিনে দিতে হবে বাড়িতে
তাই তাড়াতাড়ি বাড়ি যেতে হবে
যদিও ভাঙা মাস; তবু কিছু টাকা স্টুডেন্টের মায়ের কাছে
চেয়ে নিয়ে তার বাড়ি যাবার তাড়া ছিল।

তাই সে দাঁড়িয়েছিল বুলেটের সামনে
কারণ সে জানতো বুলেটের সামনে দাঁড়ালেই অ্যাম্বুলেন্স পাওয়া যাবে
আর কে না জানে?
অ্যাম্বুলেন্স সবচেয়ে তাড়াতাড়ি বাড়ি পৌঁছতে পারে
সবাই তাকে পথ ছেড়ে দেয়।

Scanned with CamScanner